Department of Education
Joel I. Klein, Chancellor

২০০৯-২০১০ স্কুল বছরের ক্যালেন্ডার

মার্চ ১১, ২০০৯

নিচে প্রদত্ত স্কুলবছরের ক্যালেন্ডার অনুযায়ী সকল শিক্ষার্থীর জন্য স্কুল অধিবেশন বাধ্যতামূলকভাবে শুরু হবে বুধবার সেপ্টেম্বর ৯, ২০০৯ তারিখে এবং তার মধ্যে মধ্য-শীতের অবসর অন্তর্ভুক্ত (সোমবার, ফেব্রুয়ারি ১৫ তারিখ থেকে শুক্রবার, ফেব্রুয়ারি ১৯, ২০১০)। এতে দেখা যায় যে মঙ্গলবার, নভেম্বর ৩, ২০০৯, এবং বৃহস্পতিবার, জুন ১০, ২০১০ তারিখে পাঁচটি বরোর সবগুলোতে শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না, কিন্তু পাঁচটি বরোর সকল স্কুল রিজেন্টেসের উচ্চ শিক্ষণ-মান এবং মূল্যায়ন বিষয়ে কর্মীদের পেশাগত উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবসের আয়োজন করবে। কোনো ব্যতিক্রম ছাড়া এই ক্যালেন্ডার অবশ্যই অনুসরণ করতে হবে, যদি না পরে এ ধরনের পরিবর্তনের বিজ্ঞপ্তি যৌথভাবে আলোচনার মাধ্যমে সম্পাদিত চুক্তি অনুযায়ী হস্তগত হয়ে থাকে, কিংবা যদি এমন কোন কারণ থাকে, যে কারণটি যৌথভাবে সম্পাদিত চুক্তির সাথে অসঙ্গতিপূর্ণ না হয়।

প্রথম সংশোধিত পাঠ মঙ্গলবার ৮ সেপ্টেম্বর ২০০৯ সম্পর্কিত; নিম্নলিখিত শিক্ষক ও কর্মীরা এদিন কাজে ফিরে আসবেন। দ্বিতীয় সংশোধিত পাঠ বুধবার ৯ সেপ্টেম্বর ২০০৯ সম্পর্কিত; এদিন সব শিক্ষার্থীর জন্য স্কুলের প্রথম দিন হিশেবে ধার্য হয়েছে। শেষ সংশোধিত পাঠ সোমবার ২৮ জুন ২০১০ সম্পর্কিত; এ দিনটি সব শিক্ষার্থীর জন্য স্কুলের শেষদিন হিশেবে ধার্য হয়েছে।

২০০৯

অগাস্ট	৩১,	সোমবার	নিচে উল্লিখিত কর্মীবৃন্দ উপস্থিত থাকবেন: অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল ও স্কুল-ভিত্তিক অন্তর্বর্তী সুপারভাইজারবৃন্দ যারা বর্ধিত কর্মবছরে কাজ করার জন্য মনোনীত হননি।
সেপ্টেম্বর	৭,	সোমবার	লেবার ডে
সেপ্টেম্বর	৮	মঙ্গলবার	শ্রেণিশিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ান, শিক্ষা ক্ষেত্রে আধা-পেশাজীবীবৃন্দ (স্কুল সেক্রেটারি, মনোবিদ্‌ ও সমাজ কর্মী ব্যতীত) হাজিরা দেবেন। স্কুল সেক্রেটারি, মনোবিদ ও সমাজ কর্মীরা একটি নিয়মিত কর্মদিবসে উপস্থিত থাকবেন। অনুল্লিখিত পদবির কর্মীরা প্রযোজ্য যৌথভাবে আলোচনার মাধ্যমে সম্পাদিত চুক্তি পর্যালোচনা করবেন। সকল ইউএফটি-প্রতিনিধি কর্মচারী যারা, ২২ জুন ২০০৯ সম্পাদিত চুক্তি অনুসারে, লেবার ডে পরবর্তী প্রথম মঙ্গলবার স্কুলে হাজিরা দেন, তাদের জন্য উক্ত মঙ্গলবার প্রথমত এবং মুখ্যত শেণিকক্ষ প্রস্তুত করা এবং শিক্ষার্থীদের আগমনের জন্য ব্যবহার করা হবে। যদি সময় থাকে, দিনের অবশিষ্ট সময় পেশাগত উন্নয়নের জন্য ব্যবহার করা যেতে পারে। শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।
সেপ্টেম্বর	৯,	বুধবার	সকল শিক্ষার্থীর জন্য স্কুল অধিবেশন শুরু।* ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ নয় এমন কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটি।
সেপ্টেম্বর	১০	বৃহস্পতিবার	ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ নয় এমন কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটি।
সেপ্টেম্বর	২৮,	সোমবার	ইওম কিপ্পুর
অক্টোবর	১২,	সোমবার	কলম্বাস ডে
নভেম্বর	৩,	মঙ্গলবার	ইলেকশন ডে স্কুলকর্মীদের পেশাগত উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস, যার *রিজেন্ট্‌স্ হাই লার্নিং স্ট্যান্ডার্ডস্ অ্যান্ড অ্যাসেসমেন্ট*-এর সম্পর্ক রয়েছে। শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।
নভেম্বর	১১,,	বুধবার	ভেটেরানস্‌ ডে
নভেম্বর নভেম্বর	২৬, ২৭,	বৃহস্পতিবার এবং শুক্রবার	থ্যাংকসগিভিং-এর ছুটি
ডিসেম্বর জানুয়ারি	২৪, ১,	বৃহস্পতিবার থেকে শুরু এবং শুক্রবার অন্তর্ভুক্ত	শীতকালীন অবকাশ (এতে অন্তর্ভুক্ত রয়েছে ক্রিসমাস ও নববর্ষের দিন), শিক্ষার্থীরা স্কুলে ফিরে আসবে সোমবার, ৪ জানুয়ারি, ২০১০ তারিখে।

***প্রিকিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের জন্য একটি পৃথক ক্যালেন্ডার ইস্যু করা হবে।**

২০১০

জানুয়ারি	১৮,	সোমবার	ড. মার্টিন লুথার কিং, জুনিয়র দিবস
ফেব্রুয়ারি	১,	সোমবার	হাই স্কুল শিক্ষার্থীদের জন্য শরৎকালীন পর্বের সমাপ্তি। হাই স্কুলের কোনো শিক্ষার্থী উপস্থিত থাকবে না। সবগুলো হাই স্কুলে রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত চ্যান্সেলরের সম্মেলন দিবস। অন্য সব শিক্ষার্থীরা উপস্থিত থাকবে। (ফেব্রুয়ারি ১ তারিখে হাই স্কুল শিক্ষার্থীদের উপস্থিতি সম্পর্কে বিস্তারিত জানার জন্য নিচে অনুচ্ছেদ ৭ দেখুন।)
ফেব্রুয়ারি	২,	মঙ্গলবার	হাই স্কুল শিক্ষার্থীদের জন্য বসন্তকালীন পর্ব শুরু
ফেব্রুয়ারি ফেব্রুয়ারি	১৫, ১৯,	সোমবার থেকে শুক্রবার	মধ্যশীতের অবকাশ (ওয়াশিংটনের জন্মদিন সহ)
মার্চ এপ্রিল	২৯, ৬,	সোমবার থেকে মঙ্গলবার	বসন্তকালীন অবকাশ (এর অন্তর্ভুক্ত আছে গুড ফ্রাইডে, ইস্টার এবং পাসওভার); শিক্ষার্থীরা স্কুলে ফিরে আসবে বুধবার, এপ্রিল ৭ তারিখে
মে	৩১,	সোমবার	মেমোরিয়াল ডে পালন
জুন	১০,	বৃহস্পতিবার	পাঁচটি বরোর সবগুলোতে রিজেন্টসের উচ্চ শিক্ষণ-মান এবং মূল্যায়ন বিষয়ে স্কুলকর্মীদের পেশাগত উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস। স্কুলকর্মীদের উপস্থিত থাকতে হবে যদি তাদের যৌথভাবে আলোচনার মাধ্যমে সম্পাদিত চুক্তি অনুযায়ী তা আবশ্যক হয়। পাঁচটি বরোর সবগুলোতেই শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।
জুন	২৪,	বৃহস্পতিবার	ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্যান্য হাই স্কুলগুলো জুন ১৫ তারিখ থেকে জুন ২৩ তারিখ পর্যন্ত রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করলে, রিজেন্টস্ রেটিং ডে, বৃহস্পতিবার জুন ২৪ তারিখে শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।
জুন	২৮,	সোমবার	***সব শিক্ষার্থীর জন্য স্কুলে শেষদিন*** নিচে ১৩ অনুচ্ছেদের বর্ণিত নির্দেশনা অনুসারে সোমবার ২৮ জুন শিক্ষার্থীদের আগে ছুটির ব্যবস্থা করতে হবে। সকল শ্রেণিশিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ানদের জন্য শেষ দিন এবং আধা-পেশাজীবীদের জন্য শেষ দিন।
জুন জুন	২৯, ৩০,	মঙ্গলবার ও বুধবার	শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, সকল শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ান এবং আধা-পেশাজীবী ব্যতীত অন্য সকল কর্মীবৃন্দ উপস্থিত থাকবেন।

স্কুল বছরের ক্যালেন্ডারটিতে নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত আছে:

১. চ্যান্সেলরের দুই কনফারেন্স ডে স্কুলকর্মীদের রিজেন্টসের উচ্চ শিক্ষণ-মান এবং মূল্যায়ন (৩ নভেম্বর ও ১০ জুন এলিমেন্টারি, মিডল্ এবং হাই স্কুলে);

২. যৌথ আলোচনার মাধ্যমে গৃহীত চুক্তি অনুযায়ী অথবা অন্য কোন কারণে এই ক্যালেন্ডারে পরে যে পরিবর্তন করা হবে, সে পরিবর্তনকে এই ক্যালেন্ডার রুখতে পারবে না, তবে এগুলোর কোন ক্ষেত্রেই এই ক্যালেন্ডার বা সূচিত পরিবর্তনের ফলে স্টেট থেকে প্রাপ্ত বরাদ্দ হারানো যাবে না;

৩. সকল সংক্ষিপ্ত অধিবেশন যার ফলে শিক্ষার্থীদের আগে ছুটি হবে এবং এই ক্যালেন্ডারে অন্য কোন পরিবর্তন অবশ্যই http://schools.nyc.gov/Calendar/changerequests.htm ঠিকানা বরাবরে দাখিল করতে হবে। অনুমোদন সাপেক্ষে, তারপরে পিতামাতাকে অবশ্যই ৪ সপ্তাহ আগে জানাতে হবে;

৪. এই সিটি-ভিত্তিক ক্যালেন্ডার অমান্য করে ডেপুটি চ্যান্সেলর ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন-এর অনুমোদন ছাড়া কোন স্কুল বন্ধ করা হলে বা শীঘ্র ছুটি দেয়া হলে (নিচের ১২ নং অনুচ্ছেদে এর ব্যাখ্যা দেয়া আছে), চ্যান্সেলরের উপর আইনগতভাবে ন্যস্ত ক্ষমতা অনুযায়ী ববস্থা গ্রহণ করবেন;

এছাড়াও নিচের বিষয়গুলোর প্রতিও নজর দিতে হবে:

৫. ২০০৯-২০১০ স্কুল বছরের ক্যালেন্ডারে স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের শর্তের সাথে মিল রেখে সিটি স্কুল ডিস্ট্রিক্টের সকল স্কুলে কমপক্ষে ১৮০ দিন স্টেটের বরাদ্দ পাওয়ার উপযোগী স্কুল দিবসের ব্যবস্থা থাকতে হবে।

৬. ইলেকশন ডে, মঙ্গলবার ৩ নভেম্বর ২০০৯ তারিখে এবং বৃহস্পতিবার ১০ জুন ২০১০ তারিখে রিজেন্টসের উচ্চ শিক্ষণ-মান এবং ও মূল্যায়ন বিষয়ে কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস উপলক্ষে সিটিব্যাপী সকল স্কুল খোলা থাকবে। উভয় দিনই **পাঁচ বরোর কোন** শিক্ষার্থী স্কুলে উপস্থিত থাকবে না।

৭. সোমবার, ফেব্রুয়ারি ১ তারিখ সব হাই স্কুল পেশাগত উন্নয়নের জন্য খোলা থাকবে। কোন হাই স্কুলের শিক্ষার্থী উপস্থিত থাকবে না, শুধু ডিস্ট্রিক্ট ৭৫-এর হাই স্কুল স্তরের শিক্ষার্থী ছাড়া (এই সকল শিক্ষার্থীরা ফেব্রুয়ারি ১ তারিখে উপস্থিত থাকবে) হাই স্কুলের বসন্তকালীন মেয়াদ শুরু হবে মঙ্গলবার, ফেব্রুয়ারি ২ তারিখে এবং ঐ দিনে পুরো লেখাপড়া চলবে।

৮. শুক্রবার, ফেব্রুয়ারি ১২, ২০১০ তারিখ সব হাই স্কুল খোলা থাকবে এবং শিক্ষার্থীরা সেদিন স্কুলে আসবে।

৯. পেশাগত উন্নয়ন/চ্যান্সেলরের কনফারেন্স ডে, রিজেন্ট্স্ ডে বা অন্য কোন কারণে স্কুল অধিবেশন সংক্ষিপ্ত হওয়ায় স্কুলের মোট শিক্ষানির্দেশনার দিনের সংখ্যা (যে দিনগুলোতে শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত থাকে) স্টেটের তহবিল বরাদ্দ পাওয়ার উপযোগী দিনের সংখ্যার থেকে আলাদা হতে পারে। লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের অতিরিক্ত সাড়ে ৩৭ মিনিট ছাড়া স্কুলের কিন্ডারগার্টেন থেকে ৬ গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনার মোট সময় ৫ ঘণ্টার কম হলে বা ৭ বা উপরের গ্রেডের জন্য লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের অতিরিক্ত সাড়ে ৩৭ মিনিট ছাড়া শিক্ষানির্দেশনার সময় সাড়ে ৫ ঘণ্টার কম হলে তা সংক্ষিপ্ত অধিবেশন বলে গণ্য হবে।

১০. বরাদ্দ পাওয়ার উপযোগী দিনগুলোর মধ্যে আছে পেশাগত উন্নয়ন/চ্যান্সেলরের কনফারেন্স ডে। কমিশনারের প্রবিধান অনুযায়ী চ্যান্সেলরের কনফারেন্স ডে-এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে জেনারেল স্টাফ ওরিয়েন্টেশনের (স্কুলকর্মীদের পরিচিতি), পাঠক্রম প্রণয়ন, কর্মরত অবস্থায় শিক্ষা কিংবা প্যারেন্ট-টিচার কনফারেন্স। এগুলোতে গ্রেডের পরীক্ষা বা শিক্ষার্থীকে দেয়া পাঠক্রমভুক্ত কোন কাজ অথবা তথ্য-সংরক্ষণ কিংবা পাঠ-পরিকল্পনার মতো নিয়মিত প্রশাসনিক বিষয় অন্তর্ভুক্ত হতে পারবে না।

১১. অংশত, স্কুল ক্যালেন্ডারে নিচে উল্লিখিত সিটি-ভিত্তিক কেন্দ্রীয়ভাবে সূচিভুক্ত বিষয়গুলোকে সংক্ষিপ্ত অধিবেশন হিশেবে গণ্য করা হয়: ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা অনুমোদনসাপেক্ষে দুইটি প্যারেন্ট-টিচার কনফারেন্স (একটি শরত পর্বে ও অপরটি বসন্ত পর্বে)-এর সংক্ষিপ্ত অধিবেশন এবং ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অনুমোদিত অন্যান্য সংক্ষিপ্ত অধিবেশন। এসব সিটিভিত্তিক কেন্দ্রীয়ভাবে সূচিভুক্ত সংক্ষিপ্ত অধিবেশনের জন্য শীঘ্রই আলাদা বিজ্ঞপ্তি দেয়া হবে। নিচে উল্লিখিত নির্দেশনা অনুসারে শিক্ষার্থীদের আগে ছুটি দেয়ার বিজ্ঞপ্তি সর্বশেষ স্কুল দিবসে জানিয়ে দিতে হবে।

১২. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্য যেসব হাই স্কুলে জুন ১৫ থেকে জুন ২৩ তারিখ পর্যন্ত রিজেন্ট্স্ পরীক্ষা রয়েছে, সেগুলোতে হাই স্কুল শিক্ষার্থীরা বৃহস্পতিবার, জুন ২৪ তারিখ পর্যন্ত রিজেন্ট্স্ দিবসগুলোতে স্কুলে আসবে না।

১৩. সর্বশেষ স্কুল দিবস (সোমবার, জুন ২৮, ২০১০) হিশেবে দিনটিকে একটি নিয়মিত শিক্ষানির্দেশনার দিন হিশেবে ক্লাস কার্যক্রমে অংশগ্রহণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং স্কুলগুলোকে নিচের নির্দেশনা মেনে চলতে হবে: শিক্ষার্থীদের স্কুলে আসা বাধ্যতামূলক, শিক্ষার্থীদের প্রাত্যহিক উপস্থিতি নিয়ম অনুযায়ী তথ্য সংরক্ষণ করতে ও জানাতে হবে এবং শিক্ষার্থীদেরকে ক্লাসের পাঠক্রমে অংশ নিতে এবং/অথবা প্রয়োজন অনুসারে গাইডেন্স ও সহায়তা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রগুলোতে আগে ছুটি দেয়ার নির্দিষ্ট সময় উল্লেখ করে পিতামাতা এবং শিক্ষার্থী পরিবহন অফিসে কমপক্ষে ৪ সপ্তাহ আগে বিজ্ঞপ্তি দিতে হবে।

১৪. স্টেটের বরাদ্দ হারানোর ঝুঁকি পরিহার করার জন্য এবং শিক্ষার্থীদের উপর বাস-এর সময়সূচি পরিবর্তনের প্রভাব সীমিত করার জন্য ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন-এর অনুমোদন ছাড়া স্কুল বন্ধ করা বা অধিবেশন সংক্ষিপ্ত করা যাবে না (অনুচ্ছেদ ৯-তে বর্ণিত)। ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন-এর অনুমোদনের জন্য অনুরোধ জানানোর আগে, সময়মতো নিচের বিষয়গুলোকে বিবেচনা করতে হবে: কিন্ডারগার্টেন থেকে ৬ গ্রেডের শিক্ষার্থীদের একটি সংক্ষিপ্ত অধিবেশনের জন্য আবেদন করার ক্ষেত্রে স্কুলগুলোকে লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের সাড়ে ৩৭ মিনিটের বাড়তি অধিবেশন ছাড়া এক সপ্তাহে কমপক্ষে ২৫ ঘণ্টা শিক্ষানির্দেশনার কাজে ব্যয় করতে হবে। ৪ দিনের সংক্ষিপ্ত সপ্তাহে (উদাহরণস্বরূপ, সপ্তাহে কোনদিন ছুটি থাকলে) যখন একটি সংক্ষিপ্ত অধিবেশনের পরিকল্পনা করা হয়, স্কুলটিকে তখন লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের সাড়ে ৩৭ মিনিটের বাড়তি অধিবেশন ছাড়া সপ্তাহে কমপক্ষে ২০ ঘণ্টা শিক্ষানির্দেশনার কাজে ব্যয় করতে হবে। এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা ও এর ব্যতিক্রম সম্পর্কে তথ্য অনুরোধসাপেক্ষে ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন-এর কাছ থেকে পাওয়া যাবে।

১৫. লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের সাড়ে ৩৭ মিনিটের বাড়তি অধিবেশন ছাড়া কোন সপ্তাহে কিন্ডারগার্টেন থেকে ৬ গ্রেডের শিক্ষার্থীদের যখন ২৫ ঘণ্টা শিক্ষানির্দেশনার সময়সূচি ঠিক করা হয়, কিংবা ৪ দিনের সংক্ষিপ্ত সপ্তাহে ২০ ঘণ্টা এবং ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা অনুমোদিত একটি সংক্ষিপ্ত অধিবেশনের সময়সূচি ঠিক করা হয়, স্কুল সেই সংক্ষিপ্ত দিনটিকে ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত প্রতিবেদনে শিক্ষানির্দেশনার নিয়মিত দিন হিশেবে গণ্য করতে পারবে। গ্রেড ৭ ও উপরের গ্রেডগুলোর জন্য নিচের অনুচ্ছেদ ১৬ দেখুন।

১৬. সাধারণত গ্রেড ৭ ও উপরের গ্রেডগুলোর জন্য একটি সংক্ষিপ্ত অধিবেশনের ফলে স্কুল লাঞ্চ ও নির্বাচিত শিক্ষার্থীদের সাড়ে ৩৭ মিনিটের বাড়তি অধিবেশন ছাড়া সপ্তাহে বাধ্যতামূলক সাড়ে ২৭ ঘণ্টার চেয়ে কম সময় শিক্ষানির্দেশনায় ব্যয় হয়। সুতরাং, গ্রেড ৭ ও তার ওপরের গ্রেডগুলোর জন্য প্রায় সকল ক্ষেত্রেই একটি সংক্ষিপ্ত অধিবেশন আবশ্যক হবে, যাকে আবার ডেপুটি চ্যান্সেলর, ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা অনুমোদন করে নিতে হবে, সে দিনটিকে ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত প্রতিবেদনে শিক্ষানির্দেশনার দিন নয় বলে উল্লেখ করতে হবে। স্কুলের শেষ দিন হিশেবে সোমবার, জুন ২৮, ২০১০ এর ব্যতিক্রম, উপরের ১৩ অনুচ্ছেদ অনুযায়ী, দিনটি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত প্রতিবেদনে শিক্ষানির্দেশনার দিন হিশেবে অন্তর্ভুক্ত হবে।

১৭. ***ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ বহির্ভূত কিন্ডারগার্টেনের জন্য*** ১৮২টি বরাদ্দ লাভের উপযোগী দিন (১৮১টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে)

১৮. *ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের কিন্ডারগার্টেন থেকে ৬ গ্রেড পর্যায়ের এবং সকল ১ থেকে ৬ গ্রেডের জন্য* ১৮৪টি বরাদ্দ লাভের উপযোগী দিন (১৮১টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে)

১৯. *সিটিব্যাপী ৭ ও ৮ গ্রেড এবং মিড্‌ল্ স্কুলে গ্রেড ৯ (ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ সহ)* ১৮৩টি বরাদ্দ লাভের উপযোগী দিন (১৮১টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে)

২০. *হাই স্কুল পর্যায়ের ৯ থেকে ১২ গ্রেডের জন্য)* সকল বরোতে (ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ সহ) ১৮৪টি বরাদ্দ লাভের উপযোগী দিন (ব্রুকলিন ও কুইন্সে ১৮২ দিন) এবং এগুলোর ১৭৯ দিনই শিক্ষানির্দেশনার দিন (ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ-এ ১৮১টি শিক্ষানির্দেশনার দিন) রয়েছে।

২১. কর্মী উন্নয়ন কর্মকাণ্ডকে পুরো ব্যবস্থা জুড়ে চালু চিল্ড্রেন ফার্স্ট ইনিশিয়েটিভ-এর দৃষ্টিভঙ্গির অনুকূলে প্রণীত বাধ্যতামূলক কিংবা উচ্চ অগ্রাধিকারমূলক আবশ্যিক চাহিদার বাস্তবায়ন, স্কুলে সহিংসা দমন ও হস্তক্ষেপ, প্রতিবন্ধী শিক্ষার্থীদের অব্যাহত সহায়তা বাস্তবায়ন, কার্যসম্পাদনার মান, বিজ্ঞান শিক্ষা, মূল্যায়ন ইত্যাদি সাধারণ, বিশেষ এবং দ্বিভাষিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট সকল চাহিদার সাথে সামঞ্জপূর্ণ হতে হবে। রিজেন্টস্-এর উচ্চ সাক্ষরতার মান ও মূল্যায়নে প্রয়োজনীয় মনোযোগ দিতে হবে যা ১ অনুচ্ছেদে ব্যাখ্যা করা হয়েছে।

২২. লেবার ডে , ইয়ম কিপ্পুর, কলম্বার ডে উদ্‌যাপন , ভেটেরান্স ডে, থ্যাংক্সগিভিং ও থ্যাংক্সগিভিংয়ের পরের দিন , শীতকালীন অবকাশ (ডিসেম্বর ২৪ থেকে জানুয়ারি ১ পর্যন্ত, ক্রিসমাস ও নিউ ইয়ার্স ডে এর অন্তর্ভুক্ত), ড. মার্টিন লুথার কিং জুনিয়র ডে , মধ্য শীতের অবকাশ (ফেব্রুয়ারি ১৫ থেকে ফেব্রুয়ারি ১৯, এর মধ্যে অন্তর্ভুক্ত আছে ওয়াশিংটনের জন্মদিন), বসন্তের অবকাশ (মার্চ ২৯ থেকে এপ্রিল ৬ পর্যন্ত, এর অন্তর্ভুক্ত আছে গুড ফ্রাইডে, ইস্টার এবং পাসওভার), এবং মেমোরিয়াল ডে স্কুল খোলা থাকবে না। মঙ্গলবার, ৩ নভেম্বর ২০০৯ (ইলেকশন ডে), এবং বৃহস্পতিবার, ১০ জুন ২০০৯ (অ্যানিভার্সারি ডে), রিজেন্টসের উচ্চ শিক্ষণ-মান এবং মূল্যায়ন বিষয়ে কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের কনফারেন্স ডে, পালিত হবে)। পাঁচটি বরোর কোন শিক্ষার্থী স্কুলে উপস্থিত হবে না। (শিক্ষা আইনের ২৫৮৬ ধারা অনুসারে, জুন মাসের প্রথম বৃহস্পতিবার, অথবা যখন মেমোরিয়াল ডে-র সপ্তাহেই প্রথম বৃহস্পতিবার পড়ে তখন জুন মাসের দ্বিতীয় বৃহস্পতিবার অ্যানিভার্সারি ডে উদযাপিত হয়।)

২৩. স্কুলবছরের ক্যালেন্ডারের ব্যাপারে সুপারিনটেনডেন্টস্, পিতামাতা প্রতিনিধি, বেসরকারি স্কুল কমিটি এবং যথাযথ চুক্তিকারী প্রতিনিধি গোষ্ঠীর সঙ্গে আলোচনা হয়েছে।